গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
http://www.ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.১০৩.০৬.০০৩.২৪-১০৬৫ তারিখঃ ২৯ আগস্ট ২০২৪

**ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক" ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আ,ন,ম তরিকুল ইসলাম<br>পরিচালক (যুগ্মসচিব), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০৮/২০২৪ খ্রি. তারিখ, দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | : | পরিচালক, ক্রীড়া পরিদপ্তর মহোদয়ের কক্ষ, ঢাকা ও ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে চিফ ইনোভেশন অফিসার জনাব্ এস, আই, এম ফেরদৌউস আলম, সহকারী পরিচালক (প্রশাসন), ক্রীড়া পরিদপ্তরের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর [১.৫.১] "স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক" ২০২৪-২৫ এর কার্যক্রম সভায় উপস্থাপন করেন। জনাব জনাব সেতু আক্তার, জেলা ক্রীড়া অফিসার, নেত্রকোণা বলেন জেলা ক্রীড়া অফিসের কার্যক্রম ও সেবা ডিজিটাল পদ্ধতিতে করা হবে এবং ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে অফিসে ই-নথি এবং ডি-নথির ব্যবহার শুরু করা হবে। জনাব আবদুল মালেক তালুকদার, অধ্যক্ষ (চলতি দায়িত্ব), সরকারী শারীরিক শিক্ষা কলেজ, খুলনা বলেন ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি শারীরিক শিক্ষা কলেজ, খুলনা এর ওয়েবসাইট তৈরীর কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বিভিন্ন সেবাসমূহের তথ্য ওয়েবসাইটে হালনাগাদ করা হবে।

অত:পর সভাপতি বলেন, স্মার্ট বাংলাদেশ বির্নিমাণের জন্য স্মার্টলি কাজ করতে হবে, স্মার্ট ওয়েতে জনগনকে সেবা প্রদান করতে হবে। আমাদের অধিকাংশের মধ্যে একটা ভ্রান্ত ধারণা রয়েছে যে স্মার্ট বাংলাদেশ বিনির্মান সরকারের কাজ, সরকার স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ করে দিবে, এই ধারণা কিন্তু অনেক বড় ধরনের ভুল। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ অর্থাৎ আমাদের যার যে কাজ বা আমরা যে সব সেবা জনগনকে দিয়ে থাকি, সেগুলো স্মার্ট ওয়েতে করা বা স্মার্ট ওয়েতে জনগনকে সেবা দেওয়া। স্মার্ট বাংলাদেশ বলতে মূলত বোঝায় প্রযুক্তি নির্ভর জীবন ব্যবস্থা, যেখানে সকল ধরনের নাগরিক সেবা থেকে শুরু করে সবকিছুই স্মার্টলি হবে।

অত:পর সভাপতি বলেন, ক্রীড়া পরিদপ্তরে আমার কর্মকাল ৩ মাসের মতো, আমি যতটুকু বুঝেছি ক্রীড়া পরিদপ্তর থেকে জনগণকে দেওয়া সেবাসমূহের মধ্যে দেশব্যাপী বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণ সবচেয়ে গুরুত্বপূর্ণ এবং উল্লেখযোগ্য একটি সেবা। তাই ক্রীড়া পরিদপ্তর থেকে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী অনলাইনে/ স্মার্ট ওয়েতে বিতরনের জন্য উদ্যোগ গ্রহন করা হয়েছে এবং দ্রত গতিতে কার্যক্রম চলছে। ইতোমধ্যেই বিনামূল্যে ক্রীড়া সামগ্রী অনলাইনে বিতরণের জন্য প্রস্তুতকৃত সফটওয়্যারটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য অপেক্ষমান রয়েছে। অনুমোদন হলে অনলাইন সফটওয়্যারের মাধ্যমে বিনামূল্যে ক্রীড়া সামগ্রীর আবেদন গ্রহণ করা হবে। খুব তাড়াতাড়ি চালু করা সম্ভব হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। সবশেষে তিনি বলেন, ক্রীড়া পরিদপ্তর থেকে যে সকল সেবা প্রদান করা হয়, পর্যায়ক্রমে সকল সেবা ডিজিটালাইজড করা হবে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;

চলমান পাতা-২

**সিদ্ধান্ত:**

০১। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ক্রীড়া পরিদপ্তরে ডি-নথির ব্যবহার বৃদ্ধির জন্য ই-ফাইলে পত্র জারি বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

০২। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ক্রীড়া পরিদপ্তরের সকল সেবাসমুহ পর্যায়ক্রমে ডিজিটাল পদ্ধতিতে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

আ,ন,ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ফোন: ০২-৪১০৫৩৮১৫
ই-মেইল: director@ds.gov.bd

নং: ৩৪.০২.২৬৬৫.১০৩.০৬.০০৩.২৪- ১০৬৫

তারিখঃ ২৯ আগস্ট ২০২৪

**বিতরণ/কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:**

০১. অধ্যক্ষ, (সকল) সরকারি শারীরিক শিক্ষা কলেজ ............................।

০২. সহকারী পরিচালক (প্রশাসন/সংগঠন), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

০৩. জেলা ক্রীড়া অফিসার (সকল).............................।

০৪. পরিচালকের একান্ত সহকারী (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে), ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।

০৫. অফিস নথি।

**সদয় অবগতিঃ**

০১. চিফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

এস, আই, এম ফেরদৌউস আলম
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৪১০৫৩৮১৮
ই-মেইল: ada@ds.gov.bd


zoom Workplace
View
জেলা ক্রীড়া অফিস, ন..
Principal CPE Ctg
DSO Nilphamari Md.Abu...
Principal, Abdul Male...
S.I.M Ferdous Alom, ...
DSO, Narayanganj, M...
Principal CPE Ctg
Audio
Video
34
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
Record
More
End
12:04 PM
8/28/2024


Sports DTE
Principal CPE Ctg
DSO,Munshiganj. Kha...
DSO.Jamalpur.A...
DSO.Jamalpur.Afrin A...
Dso barguna naresh...
DSO Tangail
Dso Chattogram (Abdul Bari)
12:02 PM
8/28/2024


zoom Workplace
View
জেলা ক্রীড়া অফিস, ন..
DSO Nilphamari Md.Abu...
Principal, Abdul Malek T...
S.I.M Ferdous Alom, ...
DSO, Narayanganj, M...
DSO JASHORE...
DSO JASHORE MD K...
Principal CPE Ctg
Audio
Video
34
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
Record
More
End
12:04 PM
8/28/2024


DSO, COXSBAZAR, m...
জেলা ক্রীড়া অফিস, ন..
Principal, Abdul Malek T...
S.I.M Ferdous Alom, ...
DSO Kurigram Mahm...
DSO, Narayanganj, M...
DSO Nilphamari Md.Abul Hasem
12:04 PM
8/28/2024


zoom
Workplace
View
DSO, COXSBAZAR, m...
জেলা ক্রীড়া অফিস, ন..
Principal CPE Ctg
dso Sunamganj al am...
DSO Kurigram Mahm...
Dso, Sherpur, Dhiren...
S.I.M Ferdous Alom,, Ad(Ad) DoS
Audio
Video
Manage participants (Alt+U)
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
Record
More
End
12:05 PM
8/28/2024


zoom
Workplace
View
Heera Akter, Ds...
DSO Jhenaidah...
DSO.Jamalpur.A...
DSO,Sylhet (Md....
Heera Akter, Dso Lak...
DSO Jhenaidah Miza...
DSO.Jamalpur.Afrin A...
DSO,Sylhet (Md.Nur ...
Arif Ahamed, Meherp...
Participants (42)
Find a participant
DSO, Noakhali Alauddin
Dso, Sherpur, Dhirendra Chand...
DSO,Munshiganj. Khadiza Shar...
DSO,Sylhet (Md.Nur Hossen).
DSO.Jamalpur.Afrin Akter Mony
Heera Akter, Dso Lakshmipur
jahangir hossain
Mahabub,DSO, Satkhira.
Masud,,dso,,kishoreganj
Principal CPE Ctg
Principal, Abdul Malek Talukder...
Principal,Mymensingh Phy
S.I.M Ferdous Alom,, Ad(Ad) DoS
Invite
Mute all
Tariqul Islam (JS) Director at DoS
Audio
Video
42
Participants
Chat
React
Share
Host tools
AI Companion
Apps
More
End
12:17 PM
8/28/2024